



ধর্ষণ-হত্যা মামলায় গ্রেপ্তার বিএনপি নেতা দল থেকে বহিষ্কার



সংগৃহীত ছবি

নরসিংদীতে এক কিশোরীকে ধর্ষণের পর হত্যার ঘটনায় গ্রেপ্তার হওয়া আহম্মদ আলী দেওয়ানকে দলীয় পদ ও প্রাথমিক সদস্যপদ থেকে বহিষ্কার করেছে বিএনপি।
গুৱাবার রাতে সদর উপজেলা বিএনপির সভাপতি আবু সালেহ চৌধুরী ও সাধারণ সম্পাদক মো. ইকবাল হোসেন স্বাক্ষরিত চিঠিতে এ সিদ্ধান্ত জানানো হয়। দলীয় শৃঙ্খলা ভঙ্গ ও সংগঠনের ভাবমূর্তি ক্ষুণ্ণের অভিযোগ উল্লেখ করা হয়েছে সেখানে।

৬৫ বছর বয়সী আহম্মদ আলী দেওয়ান মহিষাণ্ডা ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের সাবেক সদস্য ও ইউনিয়ন বিএনপির সহসভাপতি ছিলেন। বৃহস্পতিবার তাকে আরও চারজনসহ গ্রেপ্তার করে পুলিশ। পরে প্রধান আসামি নূর মোহাম্মদ নূরকে গাজীপুরের মাওনা এবং আরেক আসামিকে ময়মনসিংহের গৌরীপুর থেকে আটক করা হয়। বিষয়টি নিশ্চিত করেছেন নরসিংদীর পুলিশ সুপার মো. আব্দুল্লাহ আল ফারুক।

মামলার তথ্য অনুযায়ী, স্থানীয় এক তরুণের সঙ্গে কিশোরীর পরিচয় ছিল। অভিযোগ রয়েছে, প্রায় দুই সপ্তাহ আগে তাকে জোর করে তুলে নিয়ে ধর্ষণ করা হয়। পরিবার বিচার চাইতে গেলে কার্যকর ব্যবস্থা না নেওয়ার অভিযোগ ওঠে। পরবর্তীতে বুধবার রাতে বাবার সঙ্গে যাওয়ার পথে কিশোরীকে আবারও অপহরণ করা হয়। পরদিন সকালে একটি সরিষাক্ষেত থেকে তার মরদেহ উদ্ধার করে পুলিশ।

স্বজনদের দাবি, আগের ঘটনার সুরাহা না হওয়ায় অভিযুক্তরা আরও বেপরোয়া হয়ে ওঠে। তারা বিচার না পেয়ে নিরাপত্তাহীনতায় ভুগছিলেন বলেও পরিবারের অভিযোগ। পুলিশ জানিয়েছে, ঘটনার তদন্ত চলমান রয়েছে।